অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/26/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল এবং শ্রমিক নেতারা LAGUARDIA এয়ারপোর্টে কর্মীদের বেতন বাড়াতে এবং বেনিফিট উন্নত করতে ল্যান্ডমার্ক জয় ঘোষণা করলেন

গভর্নর এবং নিউ ইয়র্ক স্টেটের আইনসভা FY 2026-এর বাজেটে Healthy Terminals Act-কে বড় করেছেন, এয়ারপোর্টের আরো বেশি কর্মীর জন্য বেনিফিট উন্নত করেছেন

ডিসেম্বর মাসে এয়ারপোর্ট কর্মীদের সর্বনিম্ন বেতন বাড়ানো পাশ করার ভিত্তিতে এই সংশোধন হচ্ছে

FY 2026-এর বাজেট নিউ ইয়র্কবাসীদের পকেটে অর্থ ফেরত দিতে বাড়তি জয় সম্ভব করেছে, যার মধ্যে বেকার ইন্স্যুরেন্স বাড়ানো রয়েছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে Service Employees International Union (SEIU) Local 32BJ এবং UNITE HERE!-এর নেতাদের সাথে জনসভা করেছেন। LaGuardia এয়ারপোর্টের Local 100, Healthy Terminals Act-এর উন্নয়ন ঘোষণা করবে, যা John F. Kennedy (JFK) International এবং LaGuardia এয়ারপোর্টে কর্মীদের জন্য উন্নত স্বাস্থ্যসেবা এবং ছুটির বেনিফিট দিবে।

"নিউ ইয়র্কের (New York) এয়ারপোর্টগুলি হলো বিশ্বের প্রতি আমাদের গেটওয়ে, এবং প্রত্যেক বছর JFK এবং LaGuardia-এর মাধ্যমে 90 মিলিয়নের বেশি যাত্রী ভ্রমণ করে। যাত্রীদের সচল রাখতে এয়ারপোর্টের পরিশ্রমী কর্মীদের দুর্দান্ত চেষ্টা ছাড়া এর কোনটাই সম্ভব হতো না," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "ভালো বেনিফিটসহ জীবনযাপনের যোগ্য বেতন আয় করা এবং সাশ্রয়ী একটি স্টেটে মর্যাদা নিয়ে বাস করতে পারা এই কর্মীদের প্রাপ্য। Healthy Terminals Act বাড়ানোর মাধ্যমে আমরা নিশ্চিত করছি যাতে তারা ঠিক তাই পেতে পারেন।"

Healthy Terminals Act-এর আওতার মধ্যে থাকা এয়ারপোর্টের কর্মীদের জন্য নির্দিষ্ট বেতনের হারের স্ট্যান্ডার্ড প্রতিষ্ঠা করে এবং চাকরিদাতাদের জন্য প্রযোজ্য ঘণ্টার সর্বনিম্ন বেতনের পাশাপাশি প্রতি ঘণ্টার স্ট্যান্ডার্ড বেনিফিট সাপ্লিমেন্ট দেওয়া আবশ্যিক করে। ফিসক্যাল ইয়ার (Fiscal Yaer, FY) 2026-এর পাশ করা বাজেটের অংশ হিসেবে গভর্নর Hochul-এর (হোকল) মে মাসে সাইন করা সংশোধনে পার্টটাইম কর্মীদের আওতার মধ্যে থাকা কর্মী হিসেবে যুক্ত করে। এটি নিশ্চিত করবে যাতে উভয় এয়ারপোর্টের কর্মীরা একই স্ট্যান্ডার্ডের বেতন এবং স্বাস্থ্য বেনিফিট পেতে পারেন। লেজিস্লেশনটি এছাড়াও 10 বা তার কম কর্মীসহ ছোট চাকরিদাতাদের

জন্য একটি নতুন মওকুফ তৈরি করেছে। এই উন্নয়নগুলি হলো নিউ ইয়র্ক স্টেটকে আমাদের কর্মশক্তির জন্য নিরাপদ এবং সাশ্রয়ী করতে গভর্নরের ধারাবাহিক প্রতিশ্রুতির অংশ।

নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ লেবারের (New York State Department of Labor, NYSDOL) কমিশনার Roberta Reardon (রবার্টা রিয়ারডন) বলেন, "JFK International এবং LaGuardia হলো নিউ ইয়র্ক স্টেটের হাই ভলিউম গেটওয়ে এবং অর্থনৈতিক কর্মকাণ্ডের মুখ্য কেন্দ্র। আমাদের কর্মশক্তির পক্ষে কাজ করে যাওয়ার জন্য, এবং এই এয়ারপোর্টের কর্মীরা, যারা অর্থনৈতিক ইঞ্জিনের পেশীশক্তি, যাতে ন্যায্য বেতন ও বেনিফিট পায় তা নিশ্চিত করার জন্য আমি গভর্নর Hochul-এর (হোকল) প্রশংসা করছি।"

এটি হলো JFK International এবং LaGuardia এয়ারপোর্টের কর্মীদের জন্য সাম্প্রতিক উন্নতিগুলির একটি। ডিসেম্বর মাসে পোর্ট অথোরিটি অফ নিউ ইয়র্ক অ্যান্ড নিউ জার্সির (Port Authority of New York and New Jersey) বোর্ড অফ কমিশনার (Board of Commissioners) সর্বনিম্ন বেতন বাড়ানোর অনুমোদন দেন। জানুয়ারি মাসে এই বেতন ঘণ্টায় 75 সেন্ট করে বাড়ে, এবং আগামী মাসে এবং 2026 সালের জানুয়ারি মাসে এটি ঘণ্টায় আরো 75 সেন্ট করে বাড়বে। 1 জানুয়ারি, 2027 তারিখ থেকে শুরু হয়ে প্রতি বছর এটি কনজিউমার প্রাইস ইনডেক্স (Consumer Price Index, CPI) অনুযায়ী বাড়বে। বেতন বাড়ার ফলে এয়ারপোর্টের কর্মীদের জন্য নিজেদের এবং নিজেদের পরিবারকে আরো ভালোভাবে সমর্থন করা সম্ভব হবে এবং একই সাথে আরো দক্ষ শ্রমিকদের এয়ারপোর্টে আকৃষ্ট করা যাবে।

32BJ SEIU-এর প্রেসিডেন্ট Manny Pastreich (ম্যানি প্যাসট্রিচ) বলেন, "নিউ ইয়র্কের এয়ারপোর্টগুলিকে বিশ্বের সেরাগুলির একটি করে রাখে যে অতি প্রয়োজনীয় কর্মশক্তি, তাদের প্রতি আপনার অবিচল প্রতিশ্রুতির জন্য আপনাকে ধন্যবাদ, গভর্নর Hochul (হোকল)। আমাদের প্রিয়জনদের ভ্রমণের লম্বা দিন পার করতে যত্ন নিয়ে সাহায্য করা হুইলচেয়ার অ্যাটেন্ডেন্ট থেকে শুরু করে প্রতিদিন হাজার হাজার ভ্রমণকারীর জন্য লাগেজ উঠানো ও দিকনির্দেশনা দেওয়া লাগেজ হ্যান্ডলার পর্যন্ত এয়ারপোর্ট কর্মীদের উপর নিউ ইয়র্ক নির্ভর করে। বহু বছর ধরে এই অতি প্রয়োজনীয় কর্মীরা তাদের অধিকারের জন্য একত্রিত হচ্ছেন এবং লড়াই করছেন। এই জয়, অর্থাৎ Healthy Terminals Act জোরদার করা হলো তাদের নির্মিত ইউনিয়নের শক্তির একটি প্রমাণ। এটি হাজার হাজার জীবন পরিবর্তন করে দিবে এবং আমাদের স্টেটের এয়ারপোর্টগুলির স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করতে সাহায্য করবে।"

UNITE HERE! Local 100-এর প্রেসিডেন্ট Jose Maldonado (হোসে মালডোনাডো) বলেন, "গভর্নর Kathy Hochul-এর (ক্যাথি হোকল) নেতৃত্বের কারণে, যে মানুষেরা আমাদের এয়ারপোর্টকে সচল রাখেন, আমাদের টার্মিনাল পরিষ্কার করেন, এবং বহু মিলিয়ন মানুষকে খাবার দেন তাদের মনে হচ্ছে যে তাদেরকেও দেখা হচ্ছে এবং তাদের কথা শোনা হচ্ছে। তাদের *ন্যায্য* বেতন, হেলথ বেনিফিট, এবং নিজেদের ও নিজের পরিবারের দেখাশোনা করার জন্য সময় *প্রাপ্য*। Healthy Terminals Act সংশোধন করার উদ্দেশ্য হলো নিউ ইয়র্ককে সচল রাখা এয়ারপোর্টের কর্মীদের উন্নতি করা।"

LaGuardia এয়ারপোর্টের ক্লিনার Cristiana Mendez (ক্রিস্টিনা মেন্ডেজ) বলেন, "ভ্রমণকারীদের জন্য নিউ ইয়র্কে আসা যাওয়া যতটা সম্ভব মসৃণ করতে প্রতিদিন আমার

সহকর্মীরা এবং আমি কঠোর পরিশ্রম করি। কিন্তু এর আগে পর্যন্ত আমাদেরকে ভ্রমণ বা ছুটি কাটানোর জন্য বেতনসহ ছুটি দেওয়া হয়নি। এক দশকের বেশি সময় ধরে আমি আমার মতো অন্য ক্লিনার, সিকিউরিটি অফিসার, ব্যাগেজ হ্যান্ডলার, দোকানের অ্যাটেন্ডেন্ট, এবং এয়ারপোর্টকে সচল রাখা অন্য সকল অতি প্রয়োজনীয় কর্মীদের সাথে একত্রিত হয়েছি এবং লড়াই করেছি। Healthy Terminals Act-এর এই পরিবর্তনগুলি একটি বড় জয়। অবশেষে আমরাও সেই একই সেবা উপভোগ করতে পারবো যা আমরা প্রতিদিন দিয়ে থাকি। প্রত্যেকের ভ্রমণের জন্য, নিজের পরিবারের সাথে সময় কাটানোর জন্য, এবং বিশ্রাম নেওয়ার জন্য সময় প্রয়োজন। আমার জন্য, এটি পুয়ের্তো রিকোতে (Puerto Rico) আমার মায়ের সাথে দেখা করতে যাওয়া আরো সহজ করবে। আমার জন্য এটি অনেক মূল্যবান।"

JFK এয়ারপোর্টের প্যাসেঞ্জার সার্ভিসের এজেন্ট Tameeka Simpson (টামিকা সিম্পসন) বলেন, "কাস্টোমাররা যখন বড় আন্তর্জাতিক যাত্রায় যাচ্ছেন তখন আমি তাদের সমর্থন করি। আমাকে ঠাণ্ডা, শান্ত এবং সংযত থাকতে হয়, সাহায্য করার জন্যে এবং তাদের চাপ নিয়ে নেওয়ার জন্য তৈরি থাকতে হয়। একজন পার্টটাইম কর্মী হিসেবে আমি আমার ও আমার পরিবারের হেলথ কেয়ার কভারেজের জন্য মেডিকেইডের (Medicaid) উপর নির্ভর করি। মেডিকেইড কমিয়ে দেওয়ার সকল হুমকি আমার হেলথ কেয়ারের ভবিষ্যতের জন্য আমি ভয় পেয়েছি। এখন, আমার মতো পার্টটাইম কর্মীদের যোগ করার জন্য Healthy Terminals Act বড় করার ফলে আমাকে এই চিন্তা করতে হবে না। আমি জানি আমার হেলথ কেয়ার নিরাপদ ও নিশ্চিত আছে।"

নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলির স্পিকার Carl Heastie (কার্ল হিস্টি) বলেন, "Healthy Terminals Act-এর এক্সপ্যানশন নিশ্চিত করবে যাতে এয়ারপোর্টের আরো বেশি কর্মীর কাছে নিজেদের পরিবারের খেয়াল রাখার জন্য প্রয়োজনীয় রিসোর্স থাকে এবং একই সাথে আমাদের ভ্রমণের সময় আমাদেরকে নিরাপদ রাখবে। ফেডারেল তহবিল কমিয়ে দেওয়ার হুমকি, ভ্রমণে ভিড় বেড়ে যায় এবং কর্মী কমে যাওয়ার কারণে আমাদের এয়ারপোর্টের কর্মীদের এখন অন্য যেকোনো সময়ের তুলনায় বেশি এই বাড়তি সমর্থন প্রয়োজন এবং নিউ ইয়র্কের পরিশ্রমী পরিবারকে সাহায্য করবে এমন যেকোনো চেষ্টায় সমর্থন করতে পেরে অ্যাসেম্বলির মেজোরিটি গর্বিত।"

নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলির (New York State Assembly) লেবার কমিটির (Labor Committee) প্রধান Harry B. Bronson (হ্যারি বি ব্রন্সন) বলেন, "Healthy Terminals Act উন্নত করা নিশ্চিত করবে যাতে অতি প্রয়োজনীয় কর্মীরা তাদের ভালো বেতন এবং নিরাপদ কাজের পরিস্থিতি পেতে পারে যা আমাদের এয়ারপোর্টগুলিকে সচল রাখতে এবং ভ্রমণকারীদের খুশি রাখতে প্রয়োজন। অ্যাসেম্বলি লেবারের প্রধান হিসেবে, নিউ ইয়র্ককে আরো সাশ্রয়ী এবং কর্মী ও পরিবারের জন্য আরো নিরাপদ করতে ইউনিয়নিজমের মূলনীতির পক্ষে কাজ করতে আমি প্রতিশ্রুতিবদ্ধ। এয়ারপোর্টগুলি হলো অর্থনীতির উল্লেখযোগ্য চালক, এবং JFK এবং LaGuardia সচল থাকার জন্য এই অতি প্রয়োজনীয় কর্মীদের উপর নির্ভর করে। গভর্নর Hochul-এর (হোকল) পার্টনারশিপের জন্য, এবং SEIU Local 32BJ এবং UNITE HERE Local 100-এর কর্মীদের সমর্থনে তাদের নিরলস লড়াইয়ের জন্য আমি তাদের ধন্যবাদ জানাচ্ছি।"

স্টেটের সিনেটর Jessica Ramos (জেসিকা রামোস) বলেন, "নিউ ইয়র্কে সাশ্রয়ী অবস্থার শুরু হয় যারা এটিকে সচল রাখে তাদের মূল্য বোঝার মাধ্যমে। Healthy Terminals Act আমাদের এয়ারপোর্টগুলিকে সচল রাখা অতি প্রয়োজনীয় কর্মীদের জন্য ন্যায্য বেতন, ছুটির সময়, এবং এমন সুরক্ষা দিয়ে থাকে যার থেকে অনেক দিন ধরে তাদের বঞ্চিত করা হয়েছে। পার্টটাইম কর্মীদের জন্য এইসব অধিকার বাড়ানোর মাধ্যমে অ্যাক্টটি শ্রমিক সুরক্ষার একটি অতি গুরুত্বপূর্ণ শূন্যস্থান পূরণ করে এবং সকলের জন্য স্ট্যান্ডার্ড বাড়িয়ে দেয়।"

Healthy Terminals Act-এর সংশোধন হলো আমাদের কর্মশক্তিকে জোরদার করতে ও সুরক্ষিত রাখতে সাম্প্রতিক অনেক শ্রমিক উন্নয়নের মধ্যে একটি। মে মাসে গভর্নর ঘোষণা করেন যে চাকরিদাতাদের জন্য খরচ কমাতে এবং কর্মীদের জন্য স্টেট বেনিফিট বাড়াতে বেকার ইন্স্যুরেন্সের বকেয়া পরিশোধ করে দিবে, বেতন চুরির মোকাবেলায় নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ লেবারের (NYSDOL) আইন প্রয়োগের শক্তি বাড়িয়ে দিবে, কমবয়সী নিউ ইয়র্কবাসীকে কর্মশক্তিতে প্রবেশ করতে সাহায্য করার জন্য ডিজিটাল ওয়ার্কিং পেপার শুরু করবে, শিশু শ্রম আইন ভাঙ্গার শাস্তি বাড়িয়ে দিবে এবং আহত কর্মীদের জন্য চিকিৎসার অ্যাক্সেস উন্নত করবে।

FY 2026-এর স্টেট বাজেট এছাড়াও কর্মজীবী পরিবারের পকেটে হাজার হাজার মার্কিন ডলার ফেরত দেওয়ার ব্যাপারে গভর্নরের প্রতিজ্ঞা পূরণ করছে। স্টেট বাজেটের অংশ হিসেবে পাশ করানো ক্রয়ক্ষমতার বিষয়ের এই প্রস্তাবনাগুলির মধ্যে আছে মধ্যবিত্ত শ্রেণীর জন্য ঐতিহাসিক ট্যাক্স কমানো, পুরো স্টেটের সকল ফাইলারের জন্য 75 শতাংশের বেশি ট্যাক্স কমিয়ে দেওয়া; অক্টোবর থেকে 585,000 গৃহস্থালির জন্য 400 মার্কিন ডলার পর্যন্ত ইনফ্লেশন রিফান্ড চেক; চাইল্ড ট্যাক্স ক্রেডিটের আকার তিনগুণ করা যা চার বা তার কম বছর বয়সের শিশুসহ নিউ ইয়র্কের 1.6 মিলিয়ন পরিবারের জন্য চার থেকে 16 বছর পর্যন্ত প্রতি শিশুর জন্য 1,000 মার্কিন ডলার এবং 500 মার্কিন ডলার দেয়; এবং চাইল্ড কেয়ারের অ্যাক্সেস বাড়াতে বিনিয়োগ করে, যার মধ্যে আছে চাইল্ড কেয়ার ভর্তুকি নিরাপদ রাখতে 400 মিলিয়ন মার্কিন ডলার এবং চাইল্ড কেয়ার প্রদানকারীদের সমর্থন করার জন্য 110 মিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল অনুদান বরাদ্দ করা।

Healthy Terminals Act সম্পর্কে আরো তথ্যের জন্য, NYSDOL-এর ওয়েবসাইট ভিজিট করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন